# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 29 May, 2025

গতকাল  বুধবার, শ্রীনগর উপজেলায় শীর্ষ সন্ত্রসী রাসেল হাওলাদারের দু'চোখ উঠিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে প্রতিপক্ষ মেজবাহ উদ্দিন খান ম্যাগনেট গ্রুপের বিরুদ্ধে। আগের দিন রাত ৯ টায় উপজেলার বাঘড়া ইউনিনের মাগডাল গ্রামের মিয়ার বাড়ির পাশে এ ঘটনা ঘটেছে। রাসেল - পূর্ব বাঘরা গ্রামের হাসেম হাওলাদারের ছেলে। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে দেখা যায় একটি ভিডিওতে রক্তাক্ত অবস্থায় রাসেল হাওলাদার অভিযোগ করে বলেছেন, ম্যাগনেট এর সাথে পূর্বের বিরোধ মিটানোর জন্য তাকে বাবু ও রাজা নামে দুই ব্যক্তি ডেকে নিয়ে যায়।কথাবার্তা এক পর্যায়ে তাকে মিষ্টি খেতে দিলে মিষ্টি খেয়ে সে অসুস্থ বোধ করে। তখন সে সুজনকে ডাক দিলে ম্যাগনেট তার মুখ চেপে ধরেন। তখন বাবু,শফিক,রাজা,শিশির,সফিক, সুমন,শহিদুল, সম্রাট,মনা রাসেলসহ আরো অনেকই তাকে মারধর শুরু করেন।এক পর্যায়ে সে জ্ঞান হারিয়ে ফেলে।জ্ঞান ফিরে দেখে তার চোখ দুটি দিয়ে আর কিছু দেখতে পাচ্ছে না। অপর একটি ফেসবুক ভিডিওতে দেখা যায়, রক্তাক্ত অবস্থায় রাসেল হাওলাদার কাতরাচ্ছেন ও সুজন অচেতন অবস্থায় পড়ে আছে।তাদের পাশে দেশীয় তৈরি একটি অস্ত্র।

এ ব্যাপারে মেজবাহউদ্দিন খান ম্যাগনেট, বাবু ও সুমনকে মোবাইল ফনে কল দিলে তাদের মোবাইল নম্বারটি বন্ধ পাওয়া য়ায। শ্রীনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) বলেন, এ ব্যাপারে এখনো কেউ কোনো অভিযোগ করেননি এবং কোন মামলা হয় নায়নি।কেউ গ্রেফতার বা অস্ত্র উদ্ধার হয়েছে কিনা জানতে চাইলে তিনি বলেন, গ্রেফতার বা অস্ত্র উদ্ধার হয়নি।

আজ বৃহস্পতি বার এ বিষয়ে এলাকা বাশি জানান অস্ত্র সহ একাধিক মামলার আসামী রাসেলকে গুলি বিদ্ধ ও চোখ উপরানো অবস্থায় ঢাকা মেডিকেলে ভর্তির জন্য পাঠানো হয়েছে। প্রাথমিক ভাবে জানা গেছে, মাদক ব্যবসার টাকা ভাগা ভাগি নিয়ে দ্বন্দ্ব।অপর সূত্রের দাবী, এলাকায় আধিপত্যের জের।

সন্ত্রসী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:03

URL: https://www.timestodaybd.com/public/dhaka/3119605169